

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পর্যাৱিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ

স্থপনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পর্যাৱিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নংঃ ৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০১৪.২৪ নথির বিষয়ঃ Supply and fitting-fixing of Transparent Desk Glass and Side Table for Executive Engineer of Store Division, Dhaka WASA

নোটঃ ১ নোটের বিষয়ঃ Supply and fitting-fixing of Transparent Desk Glass and Side Table for Executive Engineer of Store Division, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩/৯/২৪ ১২:২০ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্ব ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। সম্প্রতি অত্র বিভাগের নির্বাহী প্রকৌশলী মহোদয়ের ব্যবহৃত পুরাতন ডেস্ক টেবিলটি পরিবর্তন করে নতুন ডেস্ক টেবিল ও সাইড টেবিল বসানো হয়েছে। প্রতিস্থাপিত নতুন ডেস্ক টেবিল ও সাইড টেবিলে দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নতুন ডেস্ক টেবিল ও সাইড টেবিলের উপরে স্বচ্ছ কাঁচ স্থাপন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩/৯/২৪ ১২:২০ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে “Supply and fitting-fixing of Transparent Desk Glass and Side Table for Executive Engineer of Store Division, Dhaka WASA” শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হ’ল। বর্তমান বাজার দরের (সংযুক্তি-২) ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,৮৩০.০০ (চব্বিশ হাজার আট শত ত্রিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৫, প্যাকেজ-বি.৯.১ (থোক বরাদ্দ) এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-এপিপি কপি)। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের অফিস রক্ষণাবেক্ষণ খাত (কোডঃ ০১-০২-০১২) হতে বহন করা হবে (সংযুক্তি-১)। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। এপিপি কপি.
- ২। বর্তমান বাজার দর.
- ৩। প্রাক্কলন.
- ৪। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩/৯/২৪ ১২:২১ অপরাহ্ন

এমতাবস্থায়, “Supply and fitting-fixing of Transparent Desk Glass and Side Table for Executive Engineer of Store Division, Dhaka WASA” শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,৮৩০.০০ (চব্বিশ হাজার আট শত ত্রিশ) টাকা



নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

			
৩/৯/২৪ ১২:২৭ অপরাহ্ন পদ সরকার সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৩/৯/২৪ ১২:৪৫ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৪/৯/২৪ ২:০৫ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	৪/৯/২৪ ২:০৫ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৪/৯/২৪ ৯:৪৭ অপরাহ্ন

Okay

			
৪/৯/২৪ ৯:৪৭ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৫/৯/২৪ ১০:৪১ পূর্বাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	৫/৯/২৪ ১১:৩৭ পূর্বাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৫/৯/২৪ ১১:৩৭ পূর্বাহ্ন পদ সরকার সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা